

22959 - এনিমা কি রোযাদারের রোযা ভেঙ্গে ফেলবে?

প্রশ্ন

এনিমা দেয়ার হুকুম কী? রোযা রাখা অবস্থায় রোগীকে যে এনিমা দেয়া

প্রিয় উত্তর

কোষ্ঠকাঠিন্য ঠেকানোর জন্য রোগীদেরকে যে এনিমা ইনজেকশন দেয়া হয় আলেমগণ এর বিধান সম্পর্কে মতভেদ করেছেন। কেউ বলেছেন: যা কিছু পেটে পৌঁছে সেটা রোযা ভঙ্গকারী এ মূলনীতির ভিত্তিতে এটি রোযা ভঙ্গ করবে। অপর দল আলেম বলেন: এনিমা রোযা ভঙ্গ করবে না। যেসব আলেম এ অভিমত ব্যক্ত করেছেন তাদের মধ্যে রয়েছে ইবনে তাইমিয়া (রহঃ)। তিনি বলেন: এটি পানাহার নয়: কিংবা পানাহারের স্থলাভিষিক্তও নয়।

আমার অভিমত হল: এ ক্ষেত্রে ডাক্তারদের অভিমতের প্রতি নজর দেয়া। যদি ডাক্তারেরা বলেন: এটি পানাহারের মত; তাহলে এটাকে পানাহারের অধিভুক্ত করা আবশ্যিক হবে এবং এটি রোযাভঙ্গকারী গণ্য হবে। আর যদি ডাক্তারেরা বলেন: পানাহার শরীরকে যা দেয় এটি শরীরকে সেটা দেয় না। তাহলে এটি রোযা ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না।